



নারায়ণগঞ্জে ডাকাতের হামলায় এসিল্যান্ডসহ ৬ জন আহত



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের আড়াইহাজারে সশস্ত্র দুর্বৃত্তদের হামলায় কুমিল্লার মুরাদনগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সাকিব হাছান খাঁনসহ অন্তত ছয়জন আহত হয়েছেন। একই রাতে পাশের একটি বাড়িতে ডাকাতের ঘটনাও ঘটেছে বলে অভিযোগ উঠেছে।

শুক্রবার (১৯ জুন) গভীর রাতে উপজেলার হাইজাদী ইউনিয়নের ধন্দী ও রাইনাদী-আতাদী এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, বিদ্যুৎ না থাকায় বাড়ির সামনে কয়েকজনের সঙ্গে অবস্থান করছিলেন সাকিব হাছান খাঁন। এ সময় ১০ থেকে ১২ জনের একটি সশস্ত্র দল তাদের ওপর হামলা চালায়।

হামলায় সাকিব হাছান খাঁন, মুকুল, রাজিব, রুবেল, ফারুক ও ডালিয়া আহত হন। তাদের চিকিৎসার স্থানীয়রা এগিয়ে এলে হামলাকারীরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। পরে আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখান থেকে কয়েকজনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়।

আড়াইহাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সবজেল হোসেন বলেন, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। হামলায় সহকারী কমিশনার (ভূমি)সহ কয়েকজন আহত হয়েছেন। তবে প্রাথমিকভাবে জানা গেছে, হামলার সময় তাদের কাছ থেকে কোনো মালামাল লুট করা হয়নি। লিখিত অভিযোগ পেলে মামলা নিয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আড়াইহাজার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসাদুর রহমান বলেন, হামলাকারীরা পালানোর সময় সামনে যাকে পেয়েছে তাকেই কুপিয়েছে। সহকারী কমিশনার (ভূমি) সাকিব হাছান খাঁন বৃকে আঘাত পেয়েছিলেন। চিকিৎসা নেওয়ার পর তিনি বাড়ি ফিরেছেন। ঘটনায় জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশ কাজ করছে।